



## সংবাদ বিজ্ঞপ্তি

১৭ ফেব্রুয়ারী ২০০৬

### ডগলাস ওকারভী ক্রসরেলের নেতৃত্ব দিবেন

লন্ডনের পূর্ব থেকে পশ্চিম প্রান্তের ভেতরে একটি নতুন রেলপথ গড়ে তোলার দায়িত্ব পালন করছে ক্রস লন্ডন রেল লিঙ্কস্ লিমিটেড (CLRLL) নামক কোম্পানি। এই প্রতিষ্ঠানটি তাদের নতুন চেয়ারম্যান হিসাবে আজ ডগলাস ওকারভী ওবিই (OBE) এর নাম ঘোষণা করেছে।

জনাব ওকারভী দেশের একজন অন্যতম শীর্ষস্থানীয় সিভিল ইঞ্জিনিয়ার, আন্তর্জাতিক পর্যায়ে বড় মাপের প্রোজেক্ট বাস্তবায়নে তার ব্যাপক অভিজ্ঞতা আছে। তিনি হংকংয়ের নতুন এয়ারপোর্ট নির্মাণের দায়িত্ব পালন করেছেন। তিনি ২০০৪ সালে ইনিস্টিটিউট অফ সিভিল ইঞ্জিনিয়ার্সের প্রেসিডেন্ট ছিলেন।

CLRLL এর প্রোজেক্টে কীথ ব্যারিম্যান ভারপ্রাপ্ত চিফ এক্সিকিউটিভ পদ থেকে সরে ম্যানেজিং ডাইরেক্টরের নতুন পদে যোগদান করবেন। এই নিয়োগের ব্যাপারে তিনি মন্তব্য করেন:

‘ডগলাস ওকারভীর মত এত বড় মাপের একজন লোক এখন ক্রসরেল প্রোজেক্টের নেতৃত্ব দিবেন-এটা ভেবে আমরা সবাই আনন্দিত। এটা বিশ্বের ভেতরে অন্যতম বিশাল একটি সিভিল ইঞ্জিনিয়ারিং প্রোজেক্ট, এই প্রোজেক্টটি তাকে পেয়ে অত্যন্ত লাভবান হবে।’

জনাব ওকারভী বর্তমানে থেমস্ গেটওয়ের শেলহ্যাভেনে পরিকল্পিত পি এ্যান্ড ও (P & O) বন্দর উন্নয়নের সিভিল ইঞ্জিনিয়ারিং দিকগুলি দেখাশোনা করার জন্য প্রোজেক্ট ডাইরেক্টর পদে কর্মরত আছেন। তিনি এই পদে কাজ চালিয়ে যাবেন, ক্রসরеле তিনি খন্ডকালীন বা পার্ট-টাইম ভিত্তিতে কাজ করবেন।

শেষ

আরো জানতে চাইলে ক্রসরেলের মিডিয়া ম্যানেজার ইয়ান র্যাথবোন'কে 020 7150 8760 / 07739 226 285 নম্বরে ফোন, 020 7150 8801 নম্বরে ফ্যাক্স অথবা [ianrathbone@crossrail.co.uk](mailto:ianrathbone@crossrail.co.uk) ঠিকানায় ইমেইল করতে পারেন।

১. ক্রসরেলের প্রস্তাবিত রুট পশ্চিমে সেন্ট্রাল লন্ডনের তলদেশে টানেলের মাধ্যমে মেইডেনহেড থেকে হিথ্রো পর্যন্ত চলাচল করবে, এখানে প্যাডিংটন, বন্ড স্ট্রিট, টোটেনহ্যাম কোর্ট রোড, ফ্যারিংডন, লিভারপুল স্ট্রিট, হোয়াইটচ্যাপেল এবং আইল অফ ডগস্ স্টেশান থাকবে। এটা পূর্বে শেনফিল্ড এবং এ্যাবী উড পর্যন্ত বিস্তৃত হবে, এর মাধ্যমে এটা গ্রেট ওয়েস্টার্ন এবং গ্রেট ইস্টার্ন রেলওয়ে নেটওয়ার্ককে সংযুক্ত করবে।

সেক্রেটারি অফ এস্টেট ফর ট্রান্সপোর্ট এ্যালেস্টেয়ার ডারলিং ক্রসরেল হাইব্রিড বিল উত্থাপন করেছিলেন এবং ২০০৫ এর ১৯ জুলাই এটার সেকেন্ড রিডিং (2nd Reading) অনুষ্ঠিত হয়, ১৭ জানুয়ারী ২০০৬ তারিখে এটা সিলেক্ট কমিটিতে অন্তর্ভুক্ত হয়। এই প্রোজেক্টের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১০.২৯২ বিলিয়ন পাউন্ড যার Q1 2002 মূল্য নির্মাণকালীন সময়ের টাকার হিসাবে প্রায় ১৬ বিলিয়ন পাউন্ড হবে (ভবিষ্যতের সম্ভাব্য মুদ্রাস্ফীতি সহ)।

২. ক্রস লন্ডন রেল লিঙ্কস্ (CLRLL) নামক যে কোম্পানিটি ক্রসরেল বাস্তবায়নে কাজ করে যাচ্ছে সেটার সাথে বর্তমানে DfT এবং TfL এর ৫০:৫০ বা আধাআধি শেয়ার আছে, CLRLL এর বোর্ডে এদের প্রত্যেকের ৩জন করে প্রতিনিধি আছেন।

৩. লন্ডনের মেয়ার কেন লিভিংস্টোনের সাথে আলোচনা করে ট্রান্সপোর্ট সেক্রেটারি এ্যালেস্টেয়ার ডারলিং জনাব ওকারভীকে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন।

৪. ডগলাস ওকারভী OBE FREng CEng FICE FHKIE ১৯৬৩ সালে চার্লস্ ব্যান্ড এ্যান্ড সন্স লিমিটেডে যোগদান করেন, তিনি ভিক্টোরিয়া লাইন এবং ডাবলিনে গ্র্যান্ড ক্যানেল ড্রেইনেজ টানেলের মত প্রোজেক্টে কাজ করেছেন। তিনি ১৯৭৫ সালে হংকং ম্যাস ট্রানজিট রেলওয়ে কর্পোরেশানে যোগ দেন। এখানে তিনি টানেল ডিজাইন এবং প্রথম দুইটি লাইনের নির্মাণের সাথে জড়িত ছিলেন। ১৯৮২ সালে তিনি তার নিজস্ব কনসালটেন্সি শুরু করেন।

১৯৯১ সালে জনাব ওকারভী নতুন হংকং আন্তর্জাতিক বিমানবন্দরের পরিকল্পনা, নকশা, নির্মাণ এবং চালু করার প্রোজেক্ট ডাইরেক্টর হিসাবে যোগদান করেন। ২০০০ সালে তিনি বিদেশে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রসারে অবদান রাখার জন্য OBE খেতাব পান। ২০০১ সালে তিনি রয়্যাল অ্যাকাডেমির জন্য মনোনিত হন এবং তিনি ২০০৪ সালে ইনিস্টিটিউট অফ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রেসিডেন্ট ছিলেন।

৫. 0845 602 3813 নম্বরে সপ্তাহে সাত দিন এবং প্রতিদিন ২৪ ঘন্টা খোলা হেল্পলাইন আছে। আপনি [helpdesk@crossrail.co.uk](mailto:helpdesk@crossrail.co.uk) ঠিকানায় ইমেইল করতে বা [www.crossrail.co.uk](http://www.crossrail.co.uk) ওয়েবসাইট দেখতে পারেন। এখানে আগের সব তথ্য দেয়া আছে।

১৭ ডিসেম্বর ২০০৬-এ প্রকাশিত